নির্বাচন কমিশন

# নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি

রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর এলাকা নং-০৩, ০৬ এবং ০৭ এর এলাকা পরিচালক নির্বাচন সম্পর্কে গ্রাহক-সদস্যদের জন্য

## জ্ঞাতব্য বিজ্ঞপ্তি

০১। এলাকা পরিচালক পদে নির্বাচন সূচীঃ

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতির বাই'ল অনুযায়ী ০৩, ০৬ এবং ০৭ নং এলাকার এলাকা পরিচালক পদে নির্বাচনের ভোট গ্রহণ নিম্নবর্ণিত সময় সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ-

| এলাকা নং | অন্তর্ভূক্ত ইউনিয়ন | উপজেলা | পরিচালকের মেয়াদকাল | ভোট কেন্দ্র | ভোট গ্রহণের তারিখ ও বার | ভোট গ্রহণের সময় |
|---|---|---|---|---|---|---|
| ০৩ | গন্ডা, সান্দিকোনা, কেন্দুয়া পৌরসভা, আশুজিয়া, বলাইশিমুল, রয়েলবাড়ী, গড়াডোবা, কান্দিউড়া, দলপা, মাসকা, মোজাফফরপুর, চিরাং, পাইকুড়া, নোয়াপাড়া। | কেন্দুয়া | ৩ (তিন) বৎসর বা নির্বাচনী ফলাফল ঘোষনার পরবর্তী তৃতীয় বার্ষিক সাধারণ সভা যা আগে ঘটবে। | সায়মা শাহজাহান একাডেমী, কেন্দুয়া, নেত্রকোণা | ১২/০১/২০২৩ খ্রিঃ রোজ বৃহস্পতিবার | সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত। |
| ০৬ | বড়কাশিয়া বিরামপুর, বড়তলী বানিহারী, তেতুলিয়া, মাঘান শিয়াধার, সমাজ সহিলদেও, সুয়াইর, গাগলাজোর, মোহনগঞ্জ পৌরসভা। | মোহনগঞ্জ | ৩ (তিন) বৎসর বা নির্বাচনী ফলাফল ঘোষনার পরবর্তী তৃতীয় বার্ষিক সাধারণ সভা যা আগে ঘটবে। | মোহনগঞ্জ আদর্শ উচ্চ বিদ্যালয়, মোহনগঞ্জ, নেত্রকোণা | ১৬/০১/২০২৩ খ্রিঃ রোজ সোমবার | সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত। |
| | ধর্মপাশা, সেলবরষ, পাইকুরাটি, জয়শ্রী, দঃ সুখাই রাজাপুর, উঃ সুখাই রাজাপুর | ধর্মপাশা | | | | |
| | চামারদানী, মহেষখোলা, দঃ বংশিকুন্ডা, উঃ বংশিকুন্ডা, মধ্যনগর | মধ্যনগর | | | | |
| ০৭ | খালিয়াজুরী, মেন্দিপুর, চাকুয়া নগর, কৃষ্ণপুর, গাজীপুর, | খালিয়াজুরী | ৩ (তিন) বৎসর বা নির্বাচনী ফলাফল ঘোষনার পরবর্তী তৃতীয় বার্ষিক সাধারণ সভা যা আগে ঘটবে। | মদন শহীদ স্মরনিকা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, মদন, নেত্রকোণা | ১৪/০১/২০২৩ খ্রিঃ রোজ শনিবার | সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত। |
| | মদন, কাইটাল, চানগাঁও, নায়েকপুর, গোবিন্দশ্রী, মাঘান, তিয়শ্রী, ফতেপুর | মদন | | | | |

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বাই'ল ২০১৮ এবং সমিতির বাই'ল আর্টিক্যাল ০৮ এর ০২ ও ০৩ ধারা অনুযায়ী সমিতির উপরোল্লিখিত এলাকার বৈধ গ্রাহক-সদস্যগণের প্রত্যক্ষ ভোটে তাঁদের মধ্য হতে এলাকাভিত্তিক পৃথক-পৃথক নির্বাচনের মাধ্যমে এলাকা পরিচালক নির্বাচিত হবেন।

**০২। কে পরিচালক পদে প্রার্থী হতে পারবেনঃ**

(ক) যে এলাকায় নির্বাচন অনুষ্ঠিত হবে, সেই এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী;

(খ) যে গ্রাহক-সদস্যের নাম নির্বাচন উপলক্ষ্যে প্রকাশিত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে;

(গ) যিনি সমিতির সংশ্লিষ্ট এলাকার গ্রাহক-সদস্য হিসেবে সমিতি হতে সদস্য সার্টিফিকেট প্রাপ্ত হয়েছেন, নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করেছেন, পিডিবি এর নিকট হতে অধিগ্রহনকৃত গ্রাহক-সদস্যগণ তাদের সকল প্রকার বকেয়া (পবিস/ পিডিবি) পরিশোধ করেছেন (এমনকি অনুমোদিত কিস্তি থাকলেও সকল অনুমোদিত কিস্তি একবারে পরিশোধ করেছেন এবং যারা বার্ষিক সাধারণ সভার ৯০ দিন পূর্বে অর্থাৎ ১৮/১১/২০২২ খ্রিঃ অথবা তৎপূর্বে সমুদয় বিদ্যুৎ বিল পরিশোধ করেছেন) এবং যার বিধি সম্মত কারণে সদস্য পদ বাতিল করা হয় নাই। উল্লেখ্য যে, একক মালিকানাধীন প্রতিষ্ঠান ব্যতিত অন্য কোন প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধি পরিচালক পদপ্রার্থী হতে পারবেন না;

(ঘ) যার শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এসএসসি বা সমমানের। সমমান সম্পর্কে কোন প্রশ্ন দেখা দিলে বিষয়টির উপর নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

(ঙ) মনোনয়নের জন্য আবেদন পত্র জমা প্রদানের তারিখে যার বয়স ২৫ (পঁচিশ) হতে ৬৫ (পঁয়ষট্টি) বৎসরের মধ্যে। বয়সের প্রমাণ পত্র হিসেবে মনোনয়ন আবেদন পত্রের সাথে এসএসসি অথবা সমমানের পরীক্ষা পাশের মূল সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে। প্রশংসা পত্র অথবা অন্য কোন প্রমাণ পত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। বয়সের ব্যাপারে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

(চ) বার্ষিক সাধারণ সভার ৯০ (নব্বই) দিন পূর্বে অর্থাৎ ১৮/১১/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত সংযোগ গ্রহণকারী গ্রাহক-সদস্যগণ;

আপনার বিদ্যুৎ বিল বিকাশ, রকেট ও অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে খুব সহজেই পরিশোধ করতে পারেন।

০৩। যে এলাকায় নির্বাচন অনুষ্ঠিত হবে সেই এলাকায় বর্তমান পরিচালক পুনরায় প্রার্থী হতে পারবেন কি ?

সমিতির বাই'ল মোতাবেক পরিচালক প্রার্থীর সকল যোগ্যতা থাকলে পরিচালকের মেয়াদকাল শেষ হচ্ছে এমন পরিচালক পুনরায় পরিচালক পদে নির্বাচনের প্রার্থী হতে পারবেন। তবে সমিতির বাই'ল এর আর্টিকেল-৮, সেকশন ২ (j) অনুযায়ী পরিচালক/ মহিলা পরিচালক ৩ (তিন) মেয়াদ থাকলে তিনি পুনরায় প্রার্থী হতে পারবেন না।

০৪। যে সকল কারণে পরিচালক পদপ্রার্থী অযোগ্য হিসেবে বিবেচিত হবেনঃ

(ক) যিনি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/ সমিতি বোর্ড কর্তৃক সমিতির পরিচালক পদ হতে অপসারিত (Removed) বা অব্যাহতি প্রাপ্ত (Relieved) হয়েছেন;

(খ) যিনি নৈতিক অবক্ষয়জনিত কারণে আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হয়েছেন;

(গ) যিনি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, পল্লী বিদ্যুৎ সমিতি বা কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরী হতে বরখাস্ত বা অপসারিত বা অব্যাহতি প্রাপ্ত হয়েছেন;

(ঘ) যিনি একই নামে একাধিক সংযোগ গ্রহণ করে সকল সংযোগের বিপরীতে এমনকি পিডিবি/ ডেসার (অধিগ্রহণকৃত গ্রাহক-সদস্যদের ক্ষেত্রে) বার্ষিক সাধারণ সভার ৯০ দিন পূর্বে অর্থ্যাৎ ১৮/১১/২০২২ খ্রিঃ অথবা তৎপূর্বে পরিশোধযোগ্য সকল বিল ১৮/১১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে পরিশোধ করেননি;

(ঙ) যিনি কোন রাজনৈতিক দল/ সংস্থায় কোন পদে (Office Bearer) নিয়োজিত আছেন;

(চ) যিনি কোন স্থানীয় সরকারী সংস্থায় বেতন/ ভাতাদি প্রাপ্ত পদে নিয়োজিত আছেন;

(ছ) যিনি কোন সরকারী বা আধা-সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠানে চাকুরীরত আছেন;

(জ) যিনি পল্লী বিদ্যুৎ সমিতি অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সাথে বিদ্যুৎ বা বৈদ্যুতিক সরঞ্জামাদি ব্যবসায় নিয়োজিত বা যে কোন প্রকারে আর্থিকভাবে সম্পৃক্ত কিংবা সমিতির সাথে গ্রাহকদের বৈদ্যুতিক বা প্লাম্বিং যন্ত্রপাতির ব্যবসায় নিয়োজিত আছেন বা পবিসের লাইসেন্স/ ওয়ার্ক পারমিট-এর আওতায় সমিতির গ্রাহক/ গ্রাহক-সদস্যদের হাউজ ওয়্যারিং কাজে নিয়োজিত ছিলেন/ আছেন;

(ঝ) যিনি পবিস বাই'ল এর আর্টিকেল-৫ এর সেকশন ৭ এর উপ-ধারা (a) (i), (a) (ii), (a) (iii) এবং (a) (v) অনুযায়ী (উদ্দেশ্য প্রণোদিত/ অসৎ উদ্দেশ্যে পবিস এর সম্পত্তি বা সাজ-সরঞ্জাম ক্ষতিগ্রস্থ করার, বিদ্যুৎ শক্তি ভিন্নদিকে চালিত/ চুরি করার, বৈদ্যুতিক মিটার/ সাজ-সরঞ্জাম টেম্পারিং করার, দাপ্তরিক কাজে পবিস এর কর্মকর্তা/ কর্মচারী বা তার উপর নির্ভরশীল বা সম্পৃক্ত কোন ব্যক্তিকে ভয় প্রদর্শন করার, শারীরিক ভাবে লাঞ্ছিত করার কারণে) সদস্যপদ বাতিল যোগ্য ধারার আওতাভুক্ত; কিন্তু পরবর্তীতে উক্ত কারন নিরসন পূর্বক সমিতি বোর্ড কর্তৃক তার সদস্যপদ পুনঃবহাল না করা হলে।

(ঞ) যিনি কোন পল্লী বিদ্যুৎ সমিতির কোন পদে (নিয়মিত/ চুক্তিভিত্তিক) কর্মরত ছিলেন।

(ট) যিনি নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর সমিতি বোর্ডে তিন (৩) মেয়াদে সমিতির পরিচালক পদে দায়িত্ব পালন করেছেন।

০৫। নির্বাচনের জন্য মনোনয়ন পত্রের ফর্ম সংগ্রহ ও বিতরণ পদ্ধতিঃ

এলাকা পরিচালক পদের নির্বাচনে অংশ গ্রহনে ইচ্ছুক প্রার্থী "মনোনয়ন ফর্ম " এর মূল্য বাবদ নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরস্থ ক্যাশ কাউন্টারে ৫০০.০০ (পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) জমা প্রদান পূর্বক প্রাপ্ত মূল রশিদ এবং প্রার্থীর এসএসসি অথবা সমমানের পরীক্ষা পাশের মূল সনদপত্র প্রদর্শন সাপেক্ষে নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে অবস্থানরত নির্বাচন কমিশন সদস্যের নিকট হতে ২৮/১১/২০২২ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত মনোনয়ন পত্রের ফরম ০১ (এক) সেটসহ নিজ এলাকার ভোটার তালিকা (সিডি আকারে) (যে তালিকায় ৯০ দিন পূর্বে গ্রাহকগণ বিল পরিশোধ করে অথবা সংযোগ গ্রহণ করে ভোটার হয়েছেন) ও নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিজ্ঞপ্তি সংগ্রহ করতে পারবেন।

০৬। মনোনয়ন পত্র দাখিলের তারিখ ও সময়ঃ

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে নির্বাচন কমিশন প্রধান অথবা তাঁর মনোনীত প্রতিনিধির নিকট ০৩/১২/২০২২ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত মনোনয়নপত্র দাখিল করা যাবে।

০৭। কিভাবে পরিচালক পদ প্রার্থীগণ মনোনয়নপত্র দাখিল করবেনঃ

পরিচালক পদে নির্বাচনের প্রার্থী হিসেবে অংশগ্রহণের জন্য যে সকল এলাকার পরিচালক পদে নির্বাচন অনুষ্ঠিত হবে সে সকল এলাকার স্থায়ীভাবে বসবাসকারী (স্থায়ীভাবে বসবাসের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র দ্বারা সমর্থিত) বৈধ গ্রাহক-সদস্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বাই'ল (সর্বশেষ সংশোধিত) এর ০৮ নং অনুচ্ছেদ এবং সমিতির বাই'ল এর আর্টিক্যাল-০৮ অনুযায়ী সমিতির নির্ধারিত মনোনয়নের আবেদনপত্র পূরণ এবং উহার প্রতি পাতায় দস্তখত করতঃ ০১ (এক) জন বৈধ গ্রাহক-সদস্য (ভোটার তালিকাভুক্ত) কর্তৃক প্রস্তাব এবং অপর ০২ (দুই) জন বৈধ গ্রাহক-সদস্য (ভোটার তালিকাভুক্ত) কর্তৃক সমর্থন সূচক স্বাক্ষর গ্রহণপূর্বক নির্বাচন কমিশন প্রধান অথবা তাঁর মনোনীত প্রতিনিধির নিকট মনোনয়ন পত্র দাখিলের জন্য ঘোষিত তারিখ ও সময়ের মধ্যে মনোনয়ন পত্র দাখিল করতে পারবেন। উল্লেখ্য, মনোনয়ন পত্র দাখিল করার সময় প্রার্থী, প্রস্তাবক ও সমর্থকদ্বয়কে ব্যক্তিগতভাবে উপস্থিত থাকতে হবে এবং প্রস্তাবক ও সমর্থকদ্বয়কে এই মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে যে, তাঁরা অন্য কোন এলাকা পরিচালক পদপ্রার্থীর জন্য প্রস্তাব এবং সমর্থন করেননি। আরো উল্লেখ্য যে, প্রার্থী, প্রস্তাবক ও সমর্থকদ্বয়কে মনোনয়ন আবেদন পত্রের সাথে এই মর্মে অঙ্গীকার নামা প্রদান করতে হবে যে, তার/ তাদের নিজ নামে একাধিক সংযোগ থাকলে সকল সংযোগের বিপরীতে সকল বিদ্যুৎ বিল পরিশোধ করা হয়েছে। ভোটার তালিকায় নাম থাকলেও কোন পরিচালক পদপ্রার্থী তার নিজের এবং তার প্রস্তাবক ও সমর্থকদের নামে গৃহীত বা বিদ্যমান সকল সংযোগের বিপরীতে বার্ষিক সাধারণ সভার পূর্ববর্তী ৯০ (নব্বই) দিন পূর্বের সকল বিদ্যুৎ বিল পরিশোধের প্রত্যয়ন না থাকলে বা মনোনয়ন আবেদনপত্র বাছাইকালে এরূপ বিল পরিশোধ করার তথ্য/ প্রমাণ না থাকলে প্রার্থীর মনোনয়ন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। **মনোনয়নপত্র বাছাই ও বৈধ প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশঃ**
০৭/১২/২০২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার বিকাল ০৪.০০ ঘটিকায় বৈধ প্রার্থীদের প্রাথমিক তালিকা সমিতির ওয়েবসাইটে www.pbs.netrokona.gov.bd প্রকাশ করা হবে।

০৯। **মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ ও সময়ঃ**
১০/১২/২০২২ খ্রিঃ তারিখ রোজ শনিবার বিকাল ০৪.০০ ঘটিকার মধ্যে মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে।

১০। **মনোনয়ন এর আবেদন চূড়ান্তকরণ, চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ ও প্রতীক বন্টনঃ**
১১/১২/২০২২ খ্রিঃ তারিখ রোজ রবিবার দুপুর ০২.০০ ঘটিকায় সমিতির ওয়েবসাইটে www.pbs.netrokona.gov.bd প্রতীকসহ চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে।

১১। **যে সকল গ্রাহক-সদস্য ভোট দিতে পারবেনঃ**

(ক) যে সকল গ্রাহক-সদস্যের নাম চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে তাহারা নিম্নোক্ত বিষয়াবলী প্রতিপালন পূর্বক ভোট দিতে পারবেন।

(খ) সমিতির বাই'ল আর্টিক্যাল ৫ এ বর্ণিত বৈধ গ্রাহক-সদস্য যিনি সমিতির সভাপতি ও সচিব কর্তৃক স্বাক্ষরিত সমিতির বাই'ল সিডিউল-১ ফরম 'খ' এর সদস্য সার্টিফিকেট প্রাপ্ত হয়েছেন, তিনি নিজ এলাকায় পরিচালক নির্বাচনে ভোট দিতে পারবেন। তবে বিধি সম্মত কারণে কোন গ্রাহক-সদস্য এর সদস্য পদ বাতিল হলে তাঁর সার্টিফিকেট থাকলেও তিনি ভোট দিতে পারবেন না।

(গ) বার্ষিক সাধারণ সভার ৯০ (নব্বই) দিন পূর্বে অর্থাৎ ১৮/১১/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত যে সকল গ্রাহক-সদস্য তৎসময়ে পরিশোধযোগ্য সকল বিদ্যুৎ বিল (যে সকল বিল জরিমানাসহ পরিশোধের সময়-সীমা উত্তীর্ণ হয়েছে) পরিশোধ করবেন (৯০ দিন হিসেবে বিল পরিশোধের সর্বশেষ তারিখ সাপ্তাহিক ছুটি বা অন্য কোন সরকারী ছুটির কারণে উক্ত বিল পরবর্তী কার্যদিবসে পরিশোধকারীগণেরও নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হবে)। উল্লেখিত ৯০ (নব্বই) দিন পূর্বে যাঁরা খেলাপী গ্রাহক চিহ্নিত হবেন তাঁরা বার্ষিক সাধারণ সভার ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে অর্থাৎ ০২/০১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে সমুদয় বকেয়া বিল (যে সকল বিল জরিমানা সহ পরিশোধের সময়-সীমা উত্তীর্ণ হয়েছে) পরিশোধ করলে তারাও ভোট দিতে পারবেন। কিন্তু নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

(ঘ) বার্ষিক সাধারণ সভার ৯০ (নব্বই) দিন পূর্ব পর্যন্ত সংযোগ গ্রহণকারী গ্রাহক-সদস্যগণ ভোট দিতে পারবেন।

১২। **ভোটার তালিকা প্রকাশ ও সংশোধনঃ**

**(ক) বার্ষিক সাধারণ সভার ৯০ (নব্বই) দিন পূর্বে বিল পরিশোধকারী/ সংযোগ গ্রহণকারী গ্রাহকগণের ভোটার তালিকাঃ**
২২/১১/২০২২ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বিকাল ০৪.০০ ঘটিকায় সমিতির ওয়েবসাইট www.pbs.netrokona.gov.bdএ ০৩, ০৬ ও ০৭ নং এলাকা সমূহের প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করা হবে। ভোটার তালিকার ব্যাপারে কারো কোন আপত্তি থাকলে বা বৈধ গ্রাহক ভোটার তালিকা হতে বাদ পড়লে অথবা অন্য কোন সংশোধনীর দরকার থাকলে তা প্রয়োজনীয় তথ্য ও প্রমাণাদিসহ ২৪/১১/২০২২ খ্রিঃ রোজ বৃহস্পতিবার বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত সমিতির প্রধান কার্যালয়ে (রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা) সমিতির জেনারেল ম্যানেজার এর নিকট লিখিত আবেদন করতে হবে। ২৬/১১/২০২২ খ্রিঃ রোজ শনিবার চূড়ান্ত ভোটার তালিকা বর্নিত সমিতির ওয়েবসাইটে বিকাল ০৪.০০ ঘটিকার সময় প্রকাশ করা হবে।

**(খ) বার্ষিক সাধারণ সভার ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে পরিশোধকৃত খেলাপী গ্রাহকগণের ভোটার তালিকাঃ**
০৪/০১/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার বিকাল০৪.০০ ঘটিকায় সমিতির ওয়েবসাইট www.pbs.netrokona.gov.bd এ ০৩, ০৬ ও ০৭ নং এলাকা সমূহের বৈধ গ্রাহক-সদস্য যারা ৯০ (নব্বই) দিন পূর্বে বিল পরিশোধে ব্যর্থ হয়েছেন কিন্তু বার্ষিক সাধারণ সভার ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে অর্থ্যাৎ ০২/০১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে পরিশোধ করেছেন তাঁদের প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করা হবে। উক্ত ভোটার তালিকার ব্যাপারে কারও কোন আপত্তি থাকলে বা বৈধ গ্রাহক ভোটার তালিকা হতে বাদ পড়লে অথবা অন্য কোন সংশোধনীর দরকার থাকলে তা প্রয়োজনীয় তথ্য ও প্রমাণাদিসহ ০৭/০১/২০২৩ খ্রিঃ তারিখ রোজ শনিবার বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত সমিতির প্রধান কার্যালয়ে (রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা) জেনারেল ম্যানেজার এর নিকট লিখিত আবেদন করতে হবে। ০৮/০১/২০২৩ খ্রিঃ তারিখ রোজ রবিবার বিকাল ০৪.০০ ঘটিকায় চূড়ান্ত তালিকা সমিতির ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং চূড়ান্ত ভাবে মনোনীত প্রার্থীগণের নিকট (সিডি আকারে) বিতরণ করা হবে।

১৩। **গ্রাহক-সদস্যগণ কিভাবে ভোট প্রদান করবেনঃ**
যে গ্রাহক-সদস্যের নাম চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে তিনি স্বয়ং নির্বাচন কেন্দ্রে মূল জাতীয় পরিচয়পত্রসহ উপস্থিত হয়ে অবশ্যই নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক প্রদত্ত সদস্য সার্টিফিকেট ও জাতীয় পরিচয়পত্রের মূলকপি অথবা সর্বশেষ মাসের পরিশোধিত বিদ্যুৎ বিলের মূলকপি ও জাতীয় পরিচয়পত্রের মূলকপি প্রদর্শন করে নিজ এলাকার কাউন্টার হতে ব্যালট পত্র সংগ্রহ করতঃ নিজ পছন্দমত প্রার্থীর নামের প্রতীকের পার্শ্বে নির্ধারিত সীল প্রদান পূর্বক ব্যালটটি ভাজ করতঃ ব্যালট বাক্সে ফেলে ভোটদান সম্পন্ন করবেন। ভোটার তালিকায় নাম থাকা সত্ত্বেও নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক প্রদত্ত সদস্য সার্টিফিকেট অথবা সর্বশেষ মাসের পরিশোধিত বিদ্যুৎ বিলের মূলকপিসহ সংশ্লিষ্ট গ্রাহক সদস্যের জাতীয় পরিচয়পত্র সঙ্গে না আনলে ভোট প্রদান করতে পারবেন না।

১৪। **সদস্য সার্টিফিকেট হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে নুতন সার্টিফিকেট ইস্যু করণঃ**

কোন গ্রাহক-সদস্যের নামের পূর্বে ইস্যুকৃত সদস্য সার্টিফিকেট হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে আগামী ১০/০১/২০২৩ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবারের মধ্যে নির্ধারিত ফি, ০২ (দুই) কপি ছবি ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ পবিস এর সদর দপ্তরে জেনারেল ম্যানেজার বরাবর আবেদন পূর্বক নুতন সদস্য সার্টিফিকেট গ্রহণ করতে পারবেন।

১৫। **একজন গ্রাহক-সদস্য কয়টি ভোট দিতে পারবেনঃ**

একজন গ্রাহক-সদস্য এক নামে একাধিক সংযোগ গ্রহণ করলেও তিনি কোন এক নির্ধারিত সংযোগের বিপরীতে একটি মাত্র ভোট দিতে পারবেন।

১৬। **অন্যান্য সংস্থার প্রতিনিধি কিভাবে ভোট দিবেনঃ**

পরিচালনা কমিটি দ্বারা পরিচালিত সংস্থা যেমন শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির, আশ্রম বা অন্য কোন প্রতিষ্ঠান এর ব্যবস্থাপনা কর্তৃক মনোনীত প্রতিনিধি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষ হতে লিখিত মনোনয়ন পত্র ও নিজ জাতীয় পরিচয়পত্র এবং নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে ইস্যুকৃত সদস্য সার্টিফিকেট প্রদর্শন সাপেক্ষে ভোট দিতে পারবেন।

১৭। **নির্বাচন অনুষ্ঠান তত্ত্বাবধান, ব্যালট গণনা ও ফলাফল ঘোষণাঃ**

পবিস বাই'ল আর্টিক্যাল ৮ এর ২ নং ধারা অনুযায়ী বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক গঠিত নির্বাচন কমিশন নির্বাচন অনুষ্ঠানের তত্ত্বাবধান, ব্যালট গণনা ও পরিচালনা এবং বার্ষিক সাধারণ সভার দিনে গ্রাহক-সদস্যদের উপস্থিতিতে নির্বাচনের ফলাফল ঘোষণা করবেন। নির্বাচন সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক গঠিত নির্বাচন কমিশনের রায় চূড়ান্ত হিসেবে গণ্য হবে। তবে নির্বাচন সম্পর্কে কোন আপত্তি থাকলে নির্বাচন সম্পন্ন হবার ০৩ (তিন) দিনের মধ্যে সমিতির সদর দপ্তর (রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা) এ উপস্থিত হয়ে নির্বাচন কমিশনের সদস্যের নিকট প্রার্থী কর্তৃক নির্বাচন কমিশন বরাবর লিখিত আপত্তি পেশ করতে হবে।

১৮। **নির্বাচিত পরিচালক কতদিন উক্ত পদে বহাল থাকবেনঃ**

নির্বাচিত এলাকা পরিচালক, নির্বাচিত ঘোষিত হওয়ার দিন হতে কোন কারণবশতঃ পদচ্যুত না হলে বা স্বেচ্ছায় পদত্যাগ না করলে অত্র জ্ঞাতব্য বিজ্ঞপ্তির ১নং অনুচ্ছেদের ৪নং কলামে (পরিচালকের মেয়াদকাল) বর্ণিত মেয়াদ পর্যন্ত উক্ত পদে বহাল থাকবেন।

১৯। **বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের তারিখঃ**

সমিতি বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক ১৬/০২/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ০৯:০০ ঘটিকায় সমিতির সদর দপ্তরে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে (অনিবার্য কারণে বার্ষিক সাধারণ সভার তারিখ পরিবর্তনযোগ্য)।

২০। **পিডিবি এর নিকট হতে অধিগ্রহনকৃত গ্রাহকগণের ক্ষেত্রেঃ**

যারা ইতিপূর্বে পিডিবি এর গ্রাহক ছিলেন কিন্তু নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদস্যপদ গ্রহণ করেন নাই এবং যাদের নিকট এখনও বকেয়া পাওনা আছে তাঁরা আগামী ১৮/১১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে পিডিবি/ পবিস এর সকল বকেয়া পাওনা (যদি থাকে) পরিশোধ পূর্বক এমনকি অনুমোদিত কিস্তি থাকলেও সকল অবশিষ্ট কিস্তি একসাথে পরিশোধ করে সদস্যপদের জন্য নির্ধারিত ফি সহ সমিতির প্রধান কার্যালয়ে (রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা) জেনারেল ম্যানেজার বরাবর আবেদন করলে এবং যথাসময়ে সদস্য সনদপত্র লাভ করলে বিজ্ঞপ্তিতে বর্ণিত অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে এলাকা পরিচালক নির্বাচনে অংশগ্রহণ এবং ভোট প্রদান করতে পারবেন।

(মোঃ সাইদুর রহমান)
উপ-পরিচালক (অর্থ), হিসাব পরিদপ্তর,
বাপবিবো, ঢাকা ও
রিটার্নিং অফিসার ও কমিশন প্রধান, নেপবিস।

তারিখঃ- ১৭/১০/২০২২ খ্রিঃ।

আপনার বিদ্যুৎ বিল বিকাশ, রকেট ও অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে খুব সহজেই পরিশোধ করতে পারেন।